

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা



তারিখ: ২৬/০৪/১৪২৬ বঙ্গাব্দ  
৭/৪/২০১৯ খ্রিস্টাব্দ

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৫.৩১.২৩০.১৯/৩২ ৬১/৬

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

সূত্র: আঞ্চলিক কার্যালয়, খুলনার পত্র স্মারক নং- মাউশি/সেসিপ/খুলনা.৩৭.০২.৪৭০০.০০০.০১.০০১.০১.১৭-২১২, তারিখ: ০৮/০১/২০১৯খ্রি.।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার শার্শা উপজেলাধীন শার্শা উপজেলা কলেজের পরিচালনা পর্ষদ কর্তৃক জ্যেষ্ঠতা লংঘন করে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির বিষয়ে জনাব মোছা: নাসরিন আক্তার, প্রভাষক(বাংলা), জনাব মো: নাজিম উদ্দিন, প্রভাষক (ব্যবসায় নীতি ও প্রয়োগ), জনাব শল্য শেখর মনীষ, প্রভাষক(ইতিহাস) অভিযোগ দাখিল করেন। অভিযোগটি সরেজমিনে তদন্ত করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক প্রভাষকদের জ্যেষ্ঠতার তালিকা নিম্নরূপ:

ক্র. নং	নাম	বিষয়	১ম এমপিও	যোগদান	জন্মতারিখ
০৩	জনাব মোছা: নাসরিন আক্তার	বাংলা	০১-০৫-২০১০	০৭-০৭-২০০৪	০২-০৯-১৯৭৬
০৪	জনাব নাজিম উদ্দিন	ব্যব.নীতি ও প্রয়োগ	০১-০৫-২০১০	০৭-০৭-২০০৪	০৪-০৪-১৯৭৯
০৫	জনাব শল্য শেখর মনীষ	ইতিহাস	০১-০৫-২০১০	০৮-০৭-২০০৪	৩১-১২-১৯৭৯
০৭	জনাব মো: ফারুক হোসেন	ইংরেজি	০১-০৫-২০১০	০৭-০৩-২০০৯	২১-০৬-১৯৮০
০৮	জনাব মো: নুরুল ইসলাম	জীববিজ্ঞান	০১-০৯-২০১০	০৬-০৭-২০০৪	০১-০৬-১৯৭২
১৩	জনাব মো: মতিউর রহমান	ইস.ইতিহাস	০১-১১-২০১০	১৮-০৯-২০১০	০১-০৯-১৯৭০

তদন্ত কর্মকর্তার প্রতিবেদন পর্যবেক্ষণে কলেজটির গর্ভণিং বডি কর্তৃক জ্যেষ্ঠতা/সহকারী অধ্যাপক পদে পদোন্নতি প্রদানে অনিয়ম সম্পর্কিত অভিযোগের সত্যতা পাওয়া যায়। জ্যেষ্ঠতার তালিকা হতে ৩,৪,৫ নম্বর জ্যেষ্ঠ প্রভাষকগণকে বাদ দিয়ে ৭,৮,১৩ নম্বরধারী প্রভাষকগণকে পদোন্নতি প্রদানের সুপারিশপূর্বক অনলাইনে কাগজপত্র অগ্রায়ন করেছেন, যা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা এর ১৩ নং ধারা অনুসরণ করা হয়নি।

কলেজটিতে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির ক্ষেত্রে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা অনুসরণ না করায় জনবল কাঠামো সম্পর্কিত এম.পি.ও নীতিমালা ২০১৮ এর ১৮.১(খ) ধারা অনুযায়ী কলেজটির অধ্যক্ষ জনাব মো: হাসানুজ্জামান এর বেতন-ভাতাদির সরকারি অংশ স্থগিত/কর্তন/বাতিলযোগ্য।

এমতাবস্থায়, জনবল কাঠামো-২০১৮ এর ১৮.১(খ) মোতাবেক কেন আপনার বেতন-ভাতাদির সরকারি অংশ স্থগিত/কর্তন/বাতিলযোগ্য হবে না তার জবাব পত্র প্রাপ্তির ৭(সাত) কর্মদিবসের মধ্যে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ না করলে আপনার কোন মতামত নেই বলে বিবেচিত হবে।



(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (ক-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

জনাব মো: হাসানুজ্জামান

অধ্যক্ষ

শার্শা উপজেলা কলেজ, শার্শা, যশোর।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। সভাপতি, পরিচালনা পরিষদ, শার্শা উপজেলা কলেজ, শার্শা, যশোর।

০২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, আঞ্চলিক কার্যালয়, খুলনা

০৩। জেলা শিক্ষা অফিসার, মাগুরা।

০৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শার্শা, যশোর।

০৫। জনাব . . . . .

০৬। সংরক্ষণ নথি।